

NYS of Health এর মাধ্যমে আপনার Medicaid কভারেজের জন্য আবেদন বা নবায়ন সংক্রান্ত আপনার যা জানা প্রয়োজন, যদি শৈশব আগমনের জন্য স্থগিত অ্যাকশন (Deferred Action for Childhood Arrivals (DACA) বাতিল হয়ে যায়।

১. DACA বাতিল হলেও Medicaid এর জন্য আপনার PRUCOL অবস্থার পরিবর্তন হবে না।

নিউ ইয়র্ক স্টেটের নতুন আইন অনুযায়ী, যে সকল ব্যক্তির DACA স্ট্যাটাস সহ এবং যাঁদের বাতিল DACA স্ট্যাটাস, অভিবাসন শ্রেণীর (ইমিগ্রেশন ক্যাটাগরি) PRUCOL (বর্ণ আইনের অধীনে স্থায়ীভাবে বসবাসকারী Permanently residing under color of law) হিসাবে পরিচিত আইনের অধীনে তারা স্টেটের অর্থায়নে Medicaid পাওয়ার যোগ্য হতে পারেন

২. যদি আপনার DACA স্ট্যাটাস বাতিল হয়ে যায়, তবে আপনার Medicaid নবায়ন বা Medicaid এর জন্য আবেদন করতে আপনাকে কি করতে হবে

গ্রাহক সেবায় 1-855-355-5777, TTY (শ্রবণ প্রতিবন্ধি): 1-800-662-1220 ফোন করুন বা আপনার কমিউনিটির একজন সহায়তাকারীর (Assistor) সাথে সাফাৎ করুন। আপনার সহায়তাকারী বা প্রতিনিধিকে জানান যে, আপনার DACA স্ট্যাটাস আছে বা ছিল। আপনার কর্মসংস্থান অনুমোদন কার্ড, এমনকি মেয়াদ উত্তীর্ণ হলেও, তা আপনার স্ট্যাটাসের প্রমাণ হিসাবে গৃহীত হবে।

৩. অনেক ভাষায় সাহায্য পাওয়া যায়

- প্রতিনিধিরা যারা আমাদের ফোনের উত্তর দেন, তাঁরা অনেক ভাষায় কথা বলেন। তাঁরা যদি আপনার ভাষায় কথা না বলেন, তবে তাঁরা আপনার ভাষার একজন দোভাষীর ব্যবস্থা করবেন।
- আপনার কমিউনিটিতে আমাদের প্রশিক্ষিত সহায়তাকারীরা আছেন, যারা আপনার ভাষায় কথা বলেন। আপনি যদি চান, তবে তাঁরা আপনার বাসায় বা কর্মস্থলে যেতে পারেন।

৪. আমাদেরকে আপনি যে তথ্য দিবেন তা শেয়ার করা হবে না

- NY State of Health এবং এর সহায়তাকারীদের আপনি যা বলবেন তা গোপন থাকবে।
- হেলথ প্লানে অন্তর্ভুক্তির জন্য আপনি যে সব তথ্য দিবেন তা অন্য কারো সাথে শেয়ার করা হবে না এবং সেগুলো অন্য কোন কাজেও ব্যবহার করা হবে না।

NY State of Health প্রসঙ্গে

অক্টোবর ২০১৩ সালে নিউ ইয়র্ক হেলথ প্লান মার্কেটপ্লেস, NY State of Health শুরু করে। মার্কেটপ্লেসের এক স্থানের স্বাস্থ্য বীমা ক্রয়ের জন্য উচ্চমানের ব্যাপক হেলথ প্লান প্রদান করে। NY State of Health একমাত্র স্থান যেখানে ভোক্তারা প্রিমিয়াম ডিসকাউন্ট বা ট্যাক্স ক্রেডিটের মাধ্যমে কভারেজের জন্য অর্থ প্রদানের জন্য সহায়তা পাওয়ার যোগ্যতা অর্জন করতে পারেন। যোগ্য নিউ ইয়র্কবাসীরা সারা বছর ব্যাপী মার্কেট প্লেসের মাধ্যমে মেডিকেড, চাইল্ড হেলথ প্লান এবং এসেনশিয়াল প্লানে অন্তর্ভুক্ত হতে পারেন। NY State of Health এর মার্কেটপ্লেস সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন: <https://nystateofhealth.ny.gov> বা গ্রাহক সেবায় 1-855-355-5777, TTY (শ্রবণ প্রতিবন্ধি): 1-800-662-1220 ফোন করুন বা একজন অন্তর্ভুক্ত সহায়তাকারীর (Assistor) সাথে সাফাৎ করুন।